জেলা পরিষদ
চট্টগ্রাম
www.zpchattogram.org

## শিক্ষা বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

চট্টগ্রাম জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০২৫-২০২৬ অর্থবছরে বাজেট বরাদ্দের আওতায় চট্টগ্রাম জেলার স্থায়ী অধিবাসী (চট্টগ্রাম সিটি কর্পোরেশন/পৌরসভা এলাকা ব্যতীত) মেধাবী শিক্ষার্থী যারা ২০২৪ এবং ২০২৫ সালে এসএসসি/এইচএসসি/ ডিগ্রি/অনার্স/সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে তাদেরকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের লক্ষ্যে জেলা পরিষদের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী :

১। আবেদনকারীকে অবশ্যই চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।

২। আবেদনকারী ছাত্র-ছাত্রীকে ২০২৪ এবং ২০২৫ সালে অনুষ্ঠিত এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় ন্যূনতম অতিরিক্ত বিষয় ব্যতীত জিপিএ-৫ এবং ডিগ্রি/অনার্স/সমমানের পরীক্ষায় ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ প্রাপ্ত হতে হবে। ২০২৪ সালের পূর্বে যারা উল্লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তাদের আবেদন বিবেচনা করা হবে না। ডিগ্রি/অনার্স/সমমানের পরীক্ষায় ফলাফল প্রকাশের সাল অবশ্যই ২০২৪ অথবা ২০২৫ হতে হবে।

৩। **আবেদনপত্রের সঙ্গে মূল মার্কশিটের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ১ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সুপারিশ ও প্রত্যয়নপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের মূলকপি অবশ্যই সংযুক্ত করতে হবে।** আবেদন পত্র স্বহস্তে পূরণ করতে হবে। আবেদনকারী কর্তৃক কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করা হলে শিক্ষাবৃত্তি বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪। আবেদন পত্রের নমুনা ফরম www.zpchattogram.org ওয়েবসাইট, সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান এবং জেলা পরিষদ, চট্টগ্রাম এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে।

৫। বৃত্তির আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে আগামী ১৫/৪/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অত্র কার্যালয়ে পৌঁছাতে হবে অথবা শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ সরাসরি বা ডাকযোগে অত্র কার্যালয়ে পৌঁছানো যাবে । অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ/ নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। বৃত্তি চেক একাউন্টপেয়ী প্রদান করা হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর নিজ নামীয় ব্যাংক হিসাব থাকা আবশ্যক।

৭। বিস্তারিত তথ্যাদি প্রয়োজনে জেলা পরিষদ, চট্টগ্রাম কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা হতে জানা যাবে।

৮। বৃত্তি প্রদানের ক্ষেত্রে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে গণ্য হবে।

07.01.26

(চৌধুরী রওশন ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চট্টগ্রাম।

স্মারক নং : ৪৬.৪২.১৫০০.০০১.৩৬.০০১.২৩. ৭৫০৭

তারিখ : ০৭/০১/২০২৬খ্রিঃ

স্মারক নং-একা- ১৭৬(২)/২০২৫-২০২৬/১১১১(৯০)

১৯.০১.২০২৬

বহুল প্রচারসহ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো : (বিজ্ঞপ্তি ও আবেদন ফরম সংযুক্ত)

১. ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
২. সভাপতি, সকল বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, সকল ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৪. প্রভোস্ট, সকল হল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

→ ২০২৫-২০২৬ অর্থবছরে ২০২৪ ও ২০২৫ সালে এইচএসসি/অনার্স/সমমানের পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ বর্ণিত শর্তসাপেক্ষে শিক্ষার্থীদের পূরণকৃত আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ২ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পাঠানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

৫. ওয়ার্ডেন, শিল্পী রশীদ চৌধুরী হোস্টেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো] .
৭. হিসাব নিয়ামক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৮. ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৯. ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
১০. সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
১১. ডেপুটি রেজিস্ট্রার (সংযুক্ত শাখা), রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য]
১২. নথি

১৯-১-২৬

(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার অফিস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

Sultan
19.01.2026

জেলা পরিষদ
চট্টগ্রাম
www.zpchattogram.org

সত্যায়িত ছবি

# শিক্ষাবৃত্তির আবেদন ফরম : ২০২৫-২০২৬

১। ছাত্র / ছাত্রীর নাম : ..............................

২। পিতা / মাতা / স্বামীর নাম ও স্থায়ী ঠিকানা : ..............................
সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান : ..............................
হতে জাতীয়তা সনদপত্রের মূল কপিসহ) : ..............................

৩। বর্তমান ঠিকানা : ..............................

৪। অভিভাবকের নাম : .................. সম্পর্ক ..................

৫। অভিভাবকের পেশা ও বাৎসরিক আয় : ..............................

৬। অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম : ..............................

৭। অধ্যয়নরত কোর্সের নাম : .................. শিক্ষাবর্ষ ..................

৭। রোল নম্বর : .................. মোবাইল নং ..................

৮। সর্বশেষ পাবলিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ : ..............................
(মার্কশীটের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে)

..............................
ছাত্র/ছাত্রীর স্বাক্ষর
তারিখ :

উপরে প্রদত্ত তথ্যাবলী সঠিক এবং আবেদনকারী এ প্রতিষ্ঠানের একজন নিয়মিত ছাত্র/ছাত্রী।

..............................
শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধানের সীলসহ স্বাক্ষর
তারিখ :

*বিঃ দ্রঃ ২, ৫ ও ৯ নম্বরে বর্ণিত বিষয়াদির সনদপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।*